দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 24 1999 ... ...
পৃষ্ঠা ৭৭ কলাম ৫

17

# 'শিক্ষার্থীদের সুশিক্ষার লক্ষ্যে শিক্ষকদের দায়িত্বশীল হইতে হইবে'

গত ১৫ই জুলাই বাংলাদেশ শিক্ষক সমিতি চট্টগ্রাম আঞ্চলিক শাখার এক সভায় শিক্ষার গুণগত মানোন্নয়নে ও দক্ষ মানব সম্পদ গড়িয়া তোলার উদ্দেশ্যে বিদ্যালয়ের শিক্ষার্থীদের সুশিক্ষার লক্ষ্যে শিক্ষকদের দায়িত্বশীলতার প্রতি গুরুত্বারোপ করা হয়। সুনীল চক্রবর্তীর সভাপতিত্বে আগ্রাবাদ বলিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সালমা আকতার, সাঈদা বেগম, মিরাজী ভট্টাচার্য, রেহানা আকতার, শিল্পী দত্ত, আবদুল আলীম, সেলিনা বেগম, সৈয়দা রহিমা বেগম, সুপ্রভা তালুকদার, রুমা রানী নাথ, হালিমা খাতুন, ছাবেরা সুলতানা প্রমুখ।